# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৫৬৮

১৮/ বিচার (كتاب الأقضية)

পরিচ্ছেদঃ ৪০৪. কোন একজন সাক্ষীর সাক্ষ্য সত্য বলে বিশ্বাস হলে বিচারক তার সাক্ষ্যের প্রেক্ষিতে ফয়সালা করতে পারেন।

باب إِذَا عَلِمَ الْحَاكِمُ صِدْقَ الشَّاهِدِ الْوَاحِدِ يَجُوزُ لَهُ أَنْ يَحْكُمَ بِهِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى بْنِ فَارِسٍ، أَنَّ الْحَكَمَ بْنَ نَافِعٍ، حَدَّثَهُمْ أَخْبَرَنَا شُعَيْبٌ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ عُمَارَةَ بْنِ خُزَيْمَةَ، أَنَّ عَمَّهُ، حَدَّثَهُ وَهُوَ، مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم ابْتَاعَ فَرَسًا مِنْ أَعْرَابِيٍّ فَاسْتَتْبَعَهُ النَّبِيُّ صلى الله عليه وسلم لِيَقْضِيَهُ ثَمَنَ فَرَسِهِ فَأَسْرَعَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم الْمَشْىَ وَأَبْطَأَ الأَعْرَابِيُّ فَطَفِقَ رِجَالٌ يَعْتَرِضُونَ الأَعْرَابِيَّ فَيُسَاوِمُونَهُ بِالْفَرَسِ وَلاَ يَشْعُرُونَ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم ابْتَاعَهُ فَنَادَى الأَعْرَابِيُّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَ إِنْ كُنْتَ مُبْتَاعًا هَذَا الْفَرَسَ وَإِلاَّ بِعْتُهُ ‏.‏ فَقَامَ النَّبِيُّ صلى الله عليه وسلم حِينَ سَمِعَ نِدَاءَ الأَعْرَابِيِّ فَقَالَ ‏"‏ أَوَلَيْسَ قَدِ ابْتَعْتُهُ مِنْكَ ‏"‏ ‏.‏ فَقَالَ الأَعْرَابِيُّ لاَ وَاللَّهِ مَا بِعْتُكَهُ ‏.‏ فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم ‏"‏ بَلَى قَدِ ابْتَعْتُهُ مِنْكَ ‏"‏ ‏.‏ فَطَفِقَ الأَعْرَابِيُّ يَقُولُ هَلُمَّ شَهِيدًا ‏.‏ فَقَالَ خُزَيْمَةُ بْنُ ثَابِتٍ أَنَا أَشْهَدُ أَنَّكَ قَدْ بَايَعْتَهُ ‏.‏ فَأَقْبَلَ النَّبِيُّ صلى الله عليه وسلم عَلَى خُزَيْمَةَ فَقَالَ ‏"‏ بِمَ تَشْهَدُ ‏"‏ ‏.‏ فَقَالَ بِتَصْدِيقِكَ يَا رَسُولَ اللَّهِ ‏.‏ فَجَعَلَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم شَهَادَةَ خُزَيْمَةَ بِشَهَادَةِ رَجُلَيْنِ ‏.‏

বাংলা

৩৫৬৮. মুহাম্মাদ ইবন ইয়াহহিয়া (রহঃ) .... উমারা ইবন খুযাইমা (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ তাঁর চাচা তাঁর নিকট বর্ণনা করেছেন, যিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবী ছিলেন। তিনি বলেনঃ একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একজন মরুবাসি বেদুঈন থেকে একটি ঘোড়া ক্রয় করেন। এরপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে সাথে নিয়ে রওয়ানা দেন, যাতে তিনি সে ব্যাক্তির ঘোড়ার মূল্য পরিশোধ করে দিতে পারেন। এ সময় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দ্রুত গমন করতে চাচ্ছিলেন। কিন্তু সে

বেদুঈন লোকটি পথিমধ্যে দেরি করতে চাচ্ছিল। এমন সময় কিছু লোক তার নিকট উপস্থিত হয়ে ঘোড়ার দাম জিজ্ঞেস করে; অথচ তারা জানত না যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেটি ক্রয় করেছেন।

তখন সে বেদুঈন লোকটি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে ডেকে বলেঃ আপনি যদি এ ঘোড়া ক্রয় করতে চান, তবে ক্রয় করুন, নয়ত আমি অন্যত্র বিক্রি করে দিব। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার আওয়াজ শুনে দাঁড়িয়ে বলেনঃ আমি কি এ ঘোড়া তোমার নিকট থেকে ক্রয় করিনি? তখন সে বললঃ না। আল্লহর শপথ! এ সময় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ বিক্রি কিরূপে করনি, অথচ আমি তো তোমার নিকট হতে খরিদ করেছি। তখন সে বলেঃ তা হলে আপনি সাক্ষ্য-প্রমাণ পেশ করুন। একথা শুনে খুইযাইমা ইবন সাবিত (রাঃ) বলেনঃ আমি সাক্ষ্য দিতেছি যে, আপনি তার নিকট হতে ঘোড়া খরিদ করেছেন। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খুযাইমাকে সম্বোধন করে বলেনঃ তুমি কিরূপে সাক্ষ্য দিচ্ছ? জবাবে খুজাইমা (রাঃ) বলেনঃ হে আল্লাহ্‌র রাসুল! এ জন্য যে, আমি আপনাকে সত্যবাদী বলে মনে করি। তখন রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খুযাইমার সাক্ষ্যকে দুই ব্যাক্তির সাক্ষ্য এর সমান বলে ঘোষণা দেন।

## English

Narrated Uncle of Umarah ibn Khuzaymah:

The Prophet (ﷺ) bought a horse from a Bedouin. The Prophet (ﷺ) took him with him to pay him the price of his horse. The Messenger of Allah (ﷺ) walked quickly and the Bedouin walked slowly. The people stopped the Bedouin and began to bargain with him for the horse as and they did not know that the Prophet (ﷺ) had bought it.

The Bedouin called the Messenger of Allah (ﷺ) saying: If you want this horse, (then buy it), otherwise I shall sell it. The Prophet (ﷺ) stopped when he heard the call of the Bedouin, and said: Have I not bought it from you? The Bedouin said: I swear by Allah, I have not sold it to you. The Prophet (ﷺ) said: Yes, I have bought it from you. The Bedouin began to say: Bring a witness. Khuzaymah ibn Thabit then said: I bear witness that you have bought it. The Prophet (ﷺ) turned to Khuzaymah and said: On what (grounds) do you bear witness?

He said: By considering you trustworthy, Messenger of Allah (ﷺ)! The Prophet (ﷺ) made the witness of Khuzaymah equivalent to the witness of two people.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ উমারা ইবন খুযায়মা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=35675

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন